## ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট)
শিক্ষাবর্ষ ঃ ২০১৪-২০১৫

## General English

***Answer questions 1-6 based on the following passage:***

The first shock that I received had nothing to do with the stone figures I had come to see. It was the sight of the island itself that filled me with astonishment. It was so barren : there were no trees, and it was apparent that scarcely any ground was good enough to support crops. Yet nobody looked hungry or unhappy. The second shock left me in a state of wonder. Many people have indeed seen photographs of the enormous stone figures, but the pictures show single statues or groups of only three or four. What I now discovered was that there are hundreds; they are all over the island. The greatest concentration of the figures is near the eastern tip. Here lies the quarry from which the stone was taken.

**01. Which sentence is true?**

A. Many statues were spread all over the island
B. There were only single or small groups of statues
C. All statues were near the eastern tip of the island
D. The photographs gave clear idea about the statues.

ব্যাখ্যা: Passage এ বলা হয়েছে The pictures show single statues or group of only three or four.......they are all over the island. অর্থাৎ Photograph এ Single Statues বা তিন থেকে চারটি দেয়া যায়। কিন্তু আমি সেখানে শত শত Statues দেখতে পেলাম। যা পুরো Island এ ছড়িয়ে ছিল। তাই, শুধুমাত্র (A) অপশন ব্যতীত সবগুলো অপশন ভুল।
**Ans : A.**

**02. What was the result of the writer's second shock?**

A. He was baffled
B. He was delighted
C. He was disappointed
D. He was amazed

ব্যাখ্যা: Passage এ বলা আছে- " The second shock left me in a state of wonder" অর্থাৎ, দ্বিতীয় Shock (কম্পন) টি আমাকে আশ্চর্যান্বিত করেছিল।
Wonder - আশ্চর্য
**Synonym** - Amazement, Astonishment, Awe, Admiration, Prodigy, Marvel
**Ans : D.**

**03. In the passage "quarry" means-**

A. the place where the statues were made
B. the hunted animal
C. the place from where the stone was dug out
D. a track

ব্যাখ্যা: Passage এর শেষ Sentence এ বলা হয়েছে - Here lies the quarry from which the stone was taken. অর্থাৎ, quarry টি পড়ে আছে যেখান থেকে পাথরটি সংগ্রহ করা হয়েছিল।
Quarry - যেখান থেকে পাথর সংগ্রহ করা হয়। অর্থাৎ the place from where the stone is dug out.
**Ans : C.**

**04. The word "apparent" means _______.**

A. uncertain
B. confusing
C. obvious
D. surprising

ব্যাখ্যা: Apparent - adj - স্পষ্ট
**Synonym :** Obvious, Clear, Distinct, Visible Evident, Patent, Perceptible Noticeable
**Antonym :** Obscure, Hidden
**Ans : C.**

**05. What surprised the writer at first?**

A. The stone figures
B. The size of the statues
C. The island itself
D. The quarry

ব্যাখ্যা: Passage এর দ্বিতীয় Sentence এ বলা হয়েছে - It was the sight of the island itself that filled me with astonishment. অর্থাৎ island এর আশেপাশের দৃশ্য Writer কে astonish (আশ্চর্যান্বিত) করেছিল। আর এটাই ছিল Writer এর first astonishment.
**Ans : C.**

**06. Why was the writer astonished by the fact that the island was barren?**

A. A barren island could produce so many statues
B. Nobody looked unhappy or hungry
C. The soil was fertile, but no crops were grown
D. There was a stone quarry

ব্যাখ্যা: Passage এর দ্বিতীয় লাইনে বলা আছে - It (island) was so barren ............... yet nobody looked hungry or unhappy. অর্থাৎ, island টি অনেক অনুর্বর ছিল এবং ভূপৃষ্ঠে ফসল উৎপাদনের জন্য উপযুক্ত ছিল না। তারপরেও কাউকে ক্ষুধার্ত এবং অসুখী মনে হচ্ছিল না। island টি Barren হওয়া সত্ত্বেও ক্ষুধা এবং অসুখী না থাকার ব্যাপারটি Writer কে astonish করেছিল।
**Ans : B.**

**07. To "catch off guard" means**

A. to neglect duty
B. to substitute a guard
C. to get someone when he/she is careless
D. to be on guard

Idiom

ব্যাখ্যা: Off Guard - কর্মরত অবস্থায় অসর্তক থাকা।
সুতরাং, Catch off guard এর অর্থ অসর্তক অবস্থায় কাউকে দেখা বা পাওয়া।
**Ans : C.**

**08. In the poem "Ozymandias", the phrase "king of kings" is an example of**

A. exaggeration
B. irony
C. sarcasm
D. humour

Figure of Speech

ব্যাখ্যা: "King of kings" হচ্ছে Irony এর উদাহরণ।
**Ans : B.**

**09. _________ his convincing argument, the project was not approved.**

A. Although
B. However
C. Despite
D. Inspite

ব্যাখ্যা: শূন্যস্থানে Although হবে না। কেননা Although/though এর পর Sub + Verb বসে। আবার Inspite এর পর of বসে। তাই Inspite ও বাদ। However শব্দটি Sentence এর অর্থের সাথে সঙ্গতিপূর্ণ হয় না। একমাত্র Despite বসালেই Sentence টি অর্থপূর্ণ হয়। Despite / Inspite of = সত্ত্বেও
Sentence টির অর্থ হয় এমন - তার যৌক্তিক বিতর্ক সত্ত্বেও Project টি অনুমোদিত হয় নি।
**Ans : C.** Completing Sentence

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

10. In Robert Herrick's poem "To Daffodils" human life is compared with
A summer's rain
B. morning's dew
C. spring.
D. all three (A, B, C)

ব্যাখ্যা: To Daffodils কবিতাটি পড়লে এটাই প্রতীয়মান হয় যে, ক্ষণস্থায়ী মানব জীবনকে Summer's rain, Spring, Morning's dews এই তিনটি বিষয়ের সাথেই তুলনা করা হয়েছে।
**Ans : D.**

11. He wanted nobody ________ to know ________ the treasure was hidden.
A. except him, what
B. but himself, where
C. else, which
D. and him, when

ব্যাখ্যা: Treasure (গুপ্তধন) টি কোথায় লুকায়িত আছে, তা সে নিজে ছাড়া কাউকে জানাতে চায়নি। এখানে নিজেই জানা বুঝাতে But Himself বসবে কেননা Himself একটি Reflexive Pronoun। নিজেই নিজের কোন কাজ করা, জানা, হওয়া ইত্যাদি বুঝাতে Reflexive Pronoun ব্যবহৃত হয়। আবার 'কোথায়' বুঝাতে Relative Pronoun 'Where' দ্বিতীয় শূন্যস্থান বসবে।
**Ans : B.**

12. The universities have opened recently, ________?
A. aren't they
B. hasn't they
C. haven't they
D. weren't they

ব্যাখ্যা: কোন Sentence এর সত্যতা যাচাই করার উদ্দেশ্যে এর শেষে যে ছোট প্রশ্ন যোগ করা হয় তাকে Tag Quastion বলে।
Sentence টি Present perfect tense এবং এটি একটি Affirmative sentence তাই Negative tag হিসেবে haven't they বসবে।
**Ans : C.**

13. The word "fabricate" is nearest in meaning to ____.
A. manufacture
B. demolish
C. refresh
D. arrange

ব্যাখ্যা: Fabricate - (verb)- নির্মাণ করা, প্রস্তুত করা
**Synonym :** Manufacture, Build, Construct, Assemble, Create, Erect, Shape.
**Antonym :** Demolish, Destroy
**Ans : A.**

14. Several new diseases ________ in the recent years.
A. grown up
B. have come up
C. have discovered
D. have found

ব্যাখ্যা: Yet, ever, lately, recently এগুলো থাকলে উক্ত Sentenceটি Present perfect tense হয়। যেহেতু Recent years দেয়া আছে, তাই Present perfect tense এ হবে। অন্যদিকে যেহেতু রোগ প্রাদুভাবের কথা বলা হয়েছে তাই Come up দিতে হবে।

| | |
|---|---|
| Come by | পাওয়া |
| Come about | ঘটা |
| Come round | আরোগ্য লাভ করা |
| Come out | প্রকাশিত হওয়া |
| Come across | সাক্ষাৎ পাওয়া |
| Come off | সম্পন্ন হওয়া |

**Ans : B.**

15. Hamidur Rahman________ to make the________ of the Shaheed Minar.
A. had responsibility, foundation
B. was asked, selection
C. had, construction
D. was assigned, design

ব্যাখ্যা: কারও উপর কোন কাজ আরোপ করা বুঝাতে Assign ব্যবহৃত হয়। অন্যদিকে কে কাজটি আরোপ করেছে তার উল্লেখ না থাকায় এটি Passive voice এ করতে হবে। হামিদুর রহমান শহীদ মিনারের ডিজাইনার ছিলেন বলে দ্বিতীয় Option এ Design দিলে Sentence টি অর্থপূর্ণ হয়।
**Ans : D.**

16. Control ________, Sabah! Everything is fine, so don't start crying.
A. yourself
B. you
C. me
D. herself

ব্যাখ্যা: নিজেই নিজের কাজ করা বা হওয়া বুঝাতে Yourself, himself, herself, myself, themselves ব্যবহৃত হয়। এগুলোকে বলা হয় Reflexive Pronoun। Sabah কে নিজেই নিজেকে control করতে বলা হয়েছে বলে সঠিক option হবে yourself.
**Ans : A.**

17. Rahim is one ________ superstitious people I know.
A. much
B. very much
C. of the more
D. of the most

ব্যাখ্যা: অনেকের মধ্যে একজনের তুলনা বুঝাতে Superlative degree হয়। সেক্ষেত্রে One of the ব্যবহৃত হয়। Sentence এ One of the থাকলে এর পর adjective এর Superlative form হয়।
**Ans : D.**

18. ________ pair of socks ________ too small for me.
A. This, is
B. These, are
C. These, is
D. This, are

ব্যাখ্যা: কিছু কিছু noun আছে যারা Singular এবং Plural form একই থাকে। অর্থাৎ এদের সাথে কখনও s বা es যোগ হয় না।
যেমন - Pair, Dozen, Sheep, Deer, Canon, Salmon, Gross। যেহেতু pair এর পর কখনও s বা es হয় না তাই এর পূর্বে this বসবে। আবার, Preposition এর পূর্বের অংশ Subject হিসেবে ব্যবহৃত হয়। এখানে 'This Pair' Subject আর This Pair Singular বলে পরবর্তী Verb টিও Singular (is) হবে।
**Ans : A.**

19. All my efforts to bring about a compromise ended ________ smoke.
A. with
B. in
C. off
D. through

ব্যাখ্যা: End in smoke - ব্যর্থতায় পর্যবসিত হওয়া
**Ans : B.**

20. When ________ Penicillin?
A. did Fleming invent
B. Fleming invented
C. Fleming invents
D. has Fleming invented

ব্যাখ্যা: Interrogative sentence - এ WH Question Word এর পর অবশ্যই একটি Auxiliary verb বসবে। আবার, যেহেতু Penicilium আবিষ্কারের ঘটনাটি অতীতের তাই এটি Past indefinite tense এ হবে।
**Ans : A.**

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

**21. We went to Rajshahi last month to see the house where we ________ in the 1960s.**

A. will live — B. live
C. would live — D. used to live

ব্যাখ্যা: অতীতকালে কেউ কোন কাজ করত কিন্তু এখন আর করে না এরূপ বুঝাতে Used to ব্যবহৃত হয়। Used to এর পরে সর্বদা Verb এর base form বসে। Modal
**Ans : D.**

**22. While the man ________ in the field, suddenly a dog came and _______ him.**

A. was, bite — B. was working, bit
C. worked, bitten — D. was working, bite

ব্যাখ্যা: While + verb + ing
এবং While + subject + continious tense
Example - Jack saw a Skunk, While walking home.
- Jack Saw a Skunk, While he was walking.
এখানে, যেহেতু এটি অতীত কালের ঘটনা তাই subject এর পরে Past continious tense হবে। Tense
আবার, and এর আগে ও পরে Sentence এর একই form থাকে। সুতরাং, fill in the gap এ bite এর past form হিসেবে bit বসবে।
**Ans : B.**

**23. We _______ to Dhaka in 1994 and ________ here since then.** Tense

A. came, lived — B. came, were living
C. came, have been living — D. came, had lived

ব্যাখ্যা: অতীতকালে কোন কাজ শুরু হয়ে এখনও চলছে এরূপ বোঝাতে Present perfect continious tense হয়। বাক্যটির অর্থ হবে এরূপ - আমরা ১৯৯৪ সালে ঢাকায় এসেছিলাম এবং তখন থেকেই এখানে বাস করছি। সে হিসেবে fill in the gap এ অপশন (C) ই perfect.
**Ans : C.**

**24. Choose the appropriate translation of "তুমি আমাকে এটি আগে দিতে পারলে ভালো হতো।"** Translation

A. It would have been better if you could give it to me earlier.
B. It could have been better if you could give it earlier.
C. It should have been better if you gave it to me earlier.
D. Giving it to me earlier should have been better.

ব্যাখ্যা: এটা Conditional Sentence তাই It দিয়ে Sentence টি গঠন করতে হবে। তাই অপশন D প্রথমেই বাদ। যেহেতু বলা হয়েছে আমাকে আগে দিতে পারলে ভালো হতো। তাই to me না থাকায় অপশন B এবং Could না থাকায় অপশন C ও বাদ। সুতরাং সঠিক অপশন A
**Ans : A.**

**25. The weather is ________ gloomier today than it was yesterday.**

A. more — B. more than
C. very — D. much

ব্যাখ্যা: Gloom - অন্ধকার
Gloom Uncountable noun তাই Uncountable quantifier হিসাবে much বসবে।
**Ans : D.**

Determiner.

## বাংলা

**নিচের অনুচ্ছেদটি পাঠ কর এবং প্রথম পাঁচটি প্রশ্নের উত্তর দাও (প্রশ্ন নং ১-৫) :**
বাড়িটি তারা দখল করেছে। অবশ্য লড়াই না করেই; তাদের সামরিক শক্তি অনুমান করে বাড়ির মালিক যে পৃষ্ঠপ্রদর্শন করেছিল, তা নয়। দেশভঙ্গের হুজুগে এ শহরে এসে তারা যেমন তেমন একটা ডেরার সন্ধানে উদয়াস্ত ঘুরছে, তখন একদিন দেখতে পায় বাড়িটা। সদর দরজায় মস্ত তালা, কিন্তু সামান্য পর্যবেক্ষণের পর বুঝতে পারে বাড়িতে জনমানব নাই এবং তার মালিক দেশপলাতক। পরিত্যক্ত বাড়ি চিনতে দেরি হল না। কিন্তু এমন বাড়ি পাওয়া নিতান্ত সৌভাগ্যের কথা। সৌভাগ্যের আকস্মিক আবির্ভাবে প্রথমে তাদের মনে ভয়ই উপস্থিত হয়। সে ভয় কাটতে দেরি হয় না। সেদিন সন্ধ্যায় তারা সদলবলে এসে দরজার তালা ভেঙে রৈ-রৈ আওয়াজ তুলে বাড়িটায় প্রবেশ করে। তাদের মধ্যে তখন বৈশাখের আম-কুড়ানো ক্ষিপ্র উন্মাদনা বলে ব্যাপারটা তাদের কাছে দিন- দুপুরে ডাকাতির মতো মনে হয় না। কোনো অপরাধের চেতনা যদি বা মনে জাগার প্রয়াস পায় তা বিজয়ের উল্লাসে নিমিষে তুলোধুনো হ'য়ে উড়ে যায়।

**১. ওপরের অনুচ্ছেদে কয়টি প্রবাদ-প্রবচন রয়েছে?**

ক. একটি — খ. দু'টি
গ. তিনটি — ঘ. চারটি

ব্যাখ্যা: অনুচ্ছেদটিতে প্রবাদ প্রবচনের সংখ্যা ৩টি। যথা- পৃষ্ঠপ্রদর্শন, দিনে দুপুরে ডাকাতি, তুলোধুনো।
**সঠিক উত্তর : গ.**

**২. অনুচ্ছেদে ব্যবহৃত যুক্তবর্ণের মোট সংখ্যা-**

ক. ৩২ — খ. ৩৩ — গ. ৪১ — ঘ. ২১

ব্যাখ্যা: অনুচ্ছেদটিতে যুক্ত বর্ণের সংখ্যা ৩২টি।
যেমন - ক্ত, ষ্ঠ, ঙ্গ, ভ্ত, ক্ষ, স্ম, ল্ল, ন্ধ ইত্যাদি।
**সঠিক উত্তর : ক.**

**৩. অনুচ্ছেদে তৎপুরুষ সমাসবদ্ধ পদ কয়টি?**

ক. তিনটি — খ. চারটি — গ. পাঁচটি — ঘ. ছয়টি

ব্যাখ্যা: অনুচ্ছেদে ব্যবহৃত তৎপুরুষ সমাসবদ্ধ পদ- ৫টি।
১. বাড়ির মালিক = বাড়ির মালিক - অলুক তৎপুরুষ।
২. পৃষ্ঠপ্রদর্শন = পৃষ্ঠকে প্রদর্শন- দ্বিতীয়া তৎপুরুষ।
৩. দেশ ভঙ্গ = দেশকে ভঙ্গ - দ্বিতীয়া তৎপুরুষ।
৪. দেশপলাতক = দেশ থেকে পলাতক- পঞ্চমী তৎপুরুষ।
৫. আম-কুড়ানো = আমকে কুড়ানো- দ্বিতীয়া তৎপুরুষ।
**সঠিক উত্তর : গ.**

**৪. অনুচ্ছেদটিতে ব্যবহৃত বিশেষণের সংখ্যা-**

ক. তেরো — খ. চৌদ্দ — গ. পনের — ঘ. ষোল

ব্যাখ্যা: অনুচ্ছেদটিতে বিশেষণের সংখ্যা ষোলটি।
যেমন - সামরিক শক্তি, সদর দরজা, মস্ত তালা, ক্ষিপ্র, উন্মাদনা ইত্যাদি।
**সঠিক উত্তর : ঘ.**

**৫. অনুচ্ছেদটিতে কত রকমের ছেদচিহ্ন বা বিরামচিহ্ন ব্যবহৃত হয়েছে?**

ক. দুই রকমের — খ. তিন রকমের
গ. চার রকমের — ঘ. পাঁচ রকমের

ব্যাখ্যা: অনুচ্ছেদটিতে ব্যবহৃত বিরামচিহ্ন- পাঁচটি,
যথা : দাড়ি (।), সেমিকোলন (;)), কমা (,), হাইফেন (-), ইলেফ (')
**সঠিক উত্তর : ঘ.**

**৬. ম্লেচ্ছ ও কচ্ছ দেশের কথা বলা হয়েছে কোন দু'টি রচনায়?**

ক. হৈমন্তী ও বিলাসী
খ. অর্ধাঙ্গী ও অপরাহ্নের গল্প
গ. একুশের গল্প ও অপরাহ্নের গল্প
ঘ. বিলাসী ও একটি তুলসী গাছের কাহিনী

ব্যাখ্যা: 'বিলাসী' গল্পে যেসব স্থানের নাম পাওয়া যায়-
পল্লিগ্রাম, শহর, কামস্কাটকা, সাইবেরিয়া, বিলাত, ম্লেচ্ছদেশ, কাশী, মালো পাড়া, কামাক্ষা, পারশিয়া।
**সঠিক উত্তর : ক.**

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

**৭. 'জোছনা-মায়া'র কথা উল্লেখ করা হয়েছে কোন কবিতায়?**
ক. পাঞ্জেরি খ. কবর
গ. তাহারেই পড়ে মনে ঘ. আমার পূর্ব বাংলা

ব্যাখ্যা: বর্তমান পাঠ্যক্রমভুক্ত নয়।
**সঠিক উত্তর : ক.**

**৮. "আগেই সন্ধ্যা আজ সময়ের নেমেছে।" - বাক্যের কোন্ বৈশিষ্ট্যটি এখানে নেই?**
ক. আকাঙ্ক্ষা খ. আসত্তি
গ. যোগ্যতা ঘ. বাগধারা

ব্যাখ্যা: আকাঙ্ক্ষা : বাক্যের অর্থ পরিস্কার ভাবে বোঝাতে পূর্ণাঙ্গ বাক্য প্রকাশ করাই আকাঙ্ক্ষা।
যেমন : 'অর্থই অনর্থের' বাক্যটি দ্বারা আকাঙ্ক্ষা পূরণ হচ্ছে না।
শুদ্ধরূপ - অর্থই অনর্থের মূল।
আসত্তি : মনোভাব প্রকাশের জন্য বাক্যের শব্দগুলোর সুশৃঙ্খল ভাবে সাজানোই আসত্তি।
যেমন : মহান জাতি আমরা এক।
এ বাক্যের মনোভাব সম্পূর্ণভাবে প্রকাশ হচ্ছে না। এক্ষেত্রে বাক্যগুলো সঠিকভাবে সাজানো প্রয়োজন।
শুদ্ধরূপ- আমরা এক মহান জাতি।
অনুরূপ ভাবে- আগেই সন্ধ্যা আজ সময়ের নেমেছে- ভুল।
শুদ্ধরূপ : আজ সময়ের আগেই সন্ধ্যা নেমেছে।
যোগ্যতা : বাক্যে অবস্থিত শব্দগুলোর ভাবগত এবং অন্তর্গত মিলকেই যোগ্যতা বলে।
যেমন : গরু আকাশে ওড়ে। বাক্যটি অর্থগত ভাবে মিলে না।
শুদ্ধরূপ : পাখি আকাশে ওড়ে।
**সঠিক উত্তর : খ.**

**৯. সঠিক বিপরীত শব্দযুগল নয়-**
ক. শ্রী-বিশ্রী খ. টক-মিষ্টি
গ. গুণ-গান ঘ. উন্মুখ-বিমুখ

ব্যাখ্যা: গুরুত্বপূর্ণ কিছু বিপরীত শব্দ-

| | | | |
|---|---|---|---|
| সংশয় | প্রত্যয় | মহাত্মা | নীচাত্মা |
| আঁঠি | শাঁস | সান্ত | অনন্ত |
| প্রসন্ন | বিষণ্ন | কৃশ | স্থুল |
| আকস্মিক | চিরন্তন | বিরক্ত | প্রসন্ন |
| আপদ | সম্পদ | ঋজু | বক্র |

গুণ-গান শব্দ দুটি পরস্পর বিপরীত নয়।
**সঠিক উত্তর : গ.**

**১০. কোন্ কবিতায় সম্বন্ধ পদের ব্যাপক ও বৈচিত্র্যময় ব্যবহার রয়েছে?**
ক. বঙ্গভাষা খ. সোনার তরী
গ. আঠারো বছর বয়স ঘ. আমার পূর্ব বাংলা

ব্যাখ্যা: বর্তমান পাঠ্যক্রমভুক্ত নয়।
**সঠিক উত্তর : ঘ.**

**১১. "বাক্যাংশটিতে আসল ব্যাঙ্গ করিয়া বলা হইয়াছে যে - আমাদের আচরন এতই বর্বর ছিল যে তা কাপুরুষতার চাহিতেও লজ্জাজনক ছিল।" - চলিত রীতির বাক্যটিতে ভুলের সংখ্যা-**
ক. চার খ. পাঁচ গ. ছয় ঘ. সাত

ব্যাখ্যা: শুদ্ধরূপ- আসলে, ব্যঙ্গ, করে, হয়েছে, আচরণ, চাইতেও, লজ্জাজনক।
**সঠিক উত্তর : ঘ.**

**১২. কোনটি সমার্থক শব্দ নয়?**
ক. অভ্র খ. বীচি
গ. লহরী ঘ. উর্মি

ব্যাখ্যা : অভ্র শব্দের অর্থ আকাশ ও মেঘ উভয়ই হয়।
আকাশ : অম্বর, ব্যোম, অন্তরীক্ষ, অভ্র, শূন্য, ইথার, নভোলোক।
মেঘ : জলদ, নীরদ, অভ্র, তোয়দ, পয়োদর, পয়োদ, কাদম্বিনী, বারীদ।
ঢেউ : উর্মি, বীচি, তরঙ্গ, লহর, লহরী, কোটাল, ঘূর্ণি।
**সঠিক উত্তর : ক.**

**১৩. Millennium- এর পরিভাষা**
ক. অব্দ খ. শতাব্দ
গ. সহস্রাব্দ ঘ. শকাব্দ

ব্যাখ্যা: গুরুত্বপূর্ণ কিছু পরিভাষা-
Abeyance - স্থগিতাবস্থা
Acting - ভারপ্রাপ্ত
Abolition - বিলোপ
Acknowledgement - প্রাপ্তি-স্বীকার
Abrogation - রদ
Addendum - পরিশিষ্ট
Absconder - পলাতক
Adjournment - মূলতবি
Abstract - বিমূর্ত
Millennium - সহস্রাব্দ
**সঠিক উত্তর : গ.**

**১৪. শোক দূর হয়েছে যার- বাক্যটিকে সংকোচন করলে হবে-**
ক. অশোক খ. বীতশোক গ. হৃতশোক ঘ. শোকাতীত

**সঠিক উত্তর : খ.**

**১৫. He is a hard nut to crack. - বাক্যটির সঠিক বাংলা অনুবাদ-**
ক. তিনি হলেন শক্ত বাদাম যা ভাঙ্গা যায় না
খ. তিনি ভেঙে পড়ার লোক নন
গ. তিনি কঠিন লোক
ঘ. তিনি ভাঙবেন তবু মচকাবেন না

ব্যাখ্যা: গুরুত্বপূর্ণ কিছু বঙ্গানুবাদ-
The fire is out - আগুন ছড়িয়ে পড়েছে।
The rose is a fragnant flower - গোলাপ সুগন্ধ ফুল।
He is out of luck - সে কপাল পোড়া।
We mean business - আমরা আসলেই কাজ করি।
He is a hard to crack - তিনি কঠিন লোক।
**সঠিক উত্তর : গ.**

**১৬. 'কলিমদ্দি দফাদার' গল্পের কোন তথ্যটি সঠিক নয়?**
ক. সে বিশ বাইশ বছর ধরে দফাদার খ. কলিমদ্দি এলাকার দফাদার
গ. চৌকিদারের সর্দার দফাদার ঘ. তার বয়স ষাট

ব্যাখ্যা: বর্তমান পাঠ্যক্রমভুক্ত নয়।
**সঠিক উত্তর : ক.**

**১৭. কোনটি সঠিক নয়?**
ক. √শুচ্ + ঘঞ = শোক খ. √নী + তৃচ = নেতা
গ. √সুভগ + ষ্ণ্য = সৌভাগ্য ঘ. √মুগ + ক্ত = মুগ্ধ

ব্যাখ্যা: কয়েকটি সংস্কৃত কৃৎ প্রত্যয়-
√কৃ + ঘ্যণ = কার্য; √গৈ + ণক = গায়ক; √পঠ্ + ণক = পাঠক;
√দা + তব্য = দাতব্য; √শক্ + ক্তি = শক্তি; √মুচ্ + ক্তি = মুক্তি
√গম্ + ক্ত = গত; √জন্ + ক্ত = জাত √মুহ্ + ক্ত = মুগ্ধ
√শ্রু + অনট = শ্রবণ
**সঠিক উত্তর : ঘ.**

**১৮. "ছোট কিন্তু রসে ভরা।" - বাক্যটিকে সরল বাক্যে রূপান্তরিত করলে হবে**
ক. যদিও ছোট, তবু রসে ভরা খ. রসে ভরা ছোট চিঠি
গ. ছোট ও রসে ভরা ঘ. ছোট হলেও রসে ভরা

ব্যাখ্যা: সরল বাক্যে একটি সমাপিকা ক্রিয়া থাকবে। বাক্যের মধ্যে কোন খন্ডবাক্য বা পূর্ণবাক্য থাকে না।
**সঠিক উত্তর : ঘ.**

**১৯. 'কামরা' - কোন্ ভাষা থেকে আগত শব্দ?**
ক. পর্তুগিজ খ. ফারসি গ. আরবি ঘ. সংস্কৃত

ব্যাখ্যা: গুরুত্বপূর্ণ কিছু পর্তুগিজ শব্দ-
কাবাব, কামরা, কেরানী, গির্জা, বাসন, মার্কা, সাবান, আলমারি, চাবি, আতা, আচার, নিলাম, পাউরুটি, তামাক, আয়া, গুদাম, বালতি, পেয়াঁরা, যিশু, কফি, বোমা, পেঁপে, পাচার, ইংরেজ, বর্গা ইত্যাদি।
**সঠিক উত্তর : ক.**

**২০. 'হৈমন্তী' গল্পে উল্লিখিত এডমন্ড বার্কের রচনা কোন্ বিষয়ক?**
ক. শিল্পবিপ্লব খ. নারীস্বাধীনতা গ. ফরাসি বিপ্লব ঘ. রুশ বিপ্লব

ব্যাখ্যা: বর্তমান পাঠ্যক্রমভুক্ত নয়।
**সঠিক উত্তর : গ.**

**২১. ভূদেব বাবু হলেন-**
ক. বাংলার নবজাগরণের একজন পথিকৃৎ খ. একজন নাট্যকার
গ. একজন শাস্ত্রবিদ ঘ. একজন শিক্ষক

ব্যাখ্যা: ভূদেবচন্দ্র মুখোপাধ্যায় (১৮২৫-১৮৯৪ খ্রিস্টাব্দ) উনিশ শতকের বাংলার নবজাগরণের অন্যতম পথিকৃৎ। হিন্দু সমাজের নানা কুসংস্কারের বিরুদ্ধে মত ব্যক্ত করে আধুনিক মানস গঠনের লক্ষ্যে তিনি অনেক গ্রন্থ রচনা করেন। 'পারিবারিক প্রবন্ধ', 'সামাজিক প্রবন্ধ' 'আচার প্রবন্ধ' ইত্যাদি এ বিষয়ে তাঁর বিখ্যাত গ্রন্থ।
**সঠিক উত্তর : ক.**

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

২২. কোন্ শব্দটি আরবি উপসর্গযোগে গঠিত?

ক. গরমিল
খ. নালায়েক
গ. হররোজ
ঘ. কমজোর

ব্যাখ্যা: কিছু গুরুত্বপূর্ণ বিদেশী উপসর্গ-

| ফারসি | | আরবি | ইংরেজি |
|---|---|---|---|
| কার্ | ফি | আম | ফুল |
| দর্ | বদ | খাস | হাফ |
| না | বে | লা | হেড |
| নিম | র | গর | সাব |
| বর | কম | | |

উর্দু-হিন্দি উপসর্গ : হর
সঠিক উত্তর : ক.

২৩. পদাশ্রিত নির্দেশক ব্যবহৃত হয়-

ক. প্রত্যয়ের মতো
খ. বিভক্তির মতো
গ. ধাতুর মতো
ঘ. সমাসের মতো

ব্যাখ্যা : বিশেষ্য ও সর্বনাম পদকে নির্দিষ্ট করার জন্য এদের পরে যে কতগুলো শব্দ বা শব্দখন্ড ব্যবহৃত হয়। তাদেরকেই পদাশ্রিত নির্দেশক বলে।
- পদাশ্রিত নির্দেশক অব্যয় বা প্রত্যয়ের মত ব্যবহৃত হয়।
- একবচন বোঝাতে- টা, টি, খানা, খানি, গাছা, গাছি ইত্যাদি।
- বহুবচন বোঝাতে- গুলি, গুলা, গুলো, গুলি ইত্যাদি।
- সংখ্যা বা স্বল্পতা বোঝাতে- টে, টুকু, টুক, টো, গোটা ইত্যাদি।

সঠিক উত্তর : ক.

২৪. "কথাটি বলে থাকব কিন্তু মনে পড়ছেনা।"

ক. নিত্যবৃত্ত বর্তমান
খ. ঘটমান ভবিষ্যৎ
গ. পুরাঘটিত ভবিষ্যৎ
ঘ. সাধারণ ভবিষ্যৎ

ব্যাখ্যা:

| কাল | প্রকার | উদাহরণ |
|---|---|---|
| বর্তমান কাল | সাধারণ বা নিত্যবৃত্ত বর্তমান | একুশে প্রভাত ফেরী হয়। কে জানে, সে আর আসবে কিনা। |
| | ঘটমান বর্তমান | দেশে এখন সংঘাত চলছে। |
| | পুরাঘটিত বর্তমান | এবার আমি পরিক্ষায় উত্তীর্ণ হয়েছি। |
| অতীত কাল | সাধারণ অতীত কাল | প্রদীপ নিভে গেল। |
| | নিত্যবৃত্ত অতীত কাল | ছাত্র জীবনে আমরা খুব সিনেমা দেখতাম। |
| | ঘটমান অতীত কাল | সে আমাকে চিঠি লিখছিল। |
| | পুরাঘটিত অতীত কাল | সে আমার সাথে দেখা করেছিল। |
| ভবিষ্যৎ কাল | সাধারণ ভবিষ্যৎ কাল | বাংলাদেশ খেলায় জিতবে। |
| | ঘটমান ভবিষ্যৎ কাল | তখন আমি বলতে থাকব। |
| | পুরাঘটিত ভবিষ্যৎকাল | এতক্ষণে তারা হয়ত বাসায় পৌঁছে থাকবে। |

'এ + থাকবো/থাকবে' থাকলে পুরাঘটিত ভবিষ্যৎ হয়।
যথা : "কথাটি বলে থাকবো কিন্তু মনে পড়ছেনা।"
সঠিক উত্তর : গ.

২৫. অনুসর্গ ব্যবহারের ক্ষেত্রে সাধুরীতিতে অনুসর্গের পূর্ণরূপ ও চলিতরীতিতে সংক্ষিপ্ত রূপ-

ক. হয় না
খ. কখনো কখনো হয়
গ. হয়
ঘ. কখনোই হয় না

ব্যাখ্যা: অনুসর্গ ব্যবহারের ক্ষেত্রে সাধুরীতিতে অনুসর্গের পূর্ণরূপ এবং চলিতরীতিতে সংক্ষিপ্ত রূপ হয়।
যেমন : বলতে > বলে, শুনতে > শুনে, না হইলে > নইলে ইত্যাদি।
সঠিক উত্তর : গ.

## Elective English

(Answer each question by choosing the best option.)

***With reference to the paragraph given below answer questions 1-6:***

Let us define a plot. We have defined a story as a narrative of events arranged in their time sequence. A plot is also a narrative of events, the emphasis falling on causality. "The king died and the queen died" is a story." "The king died and the queen died of grief," is a plot. The time-sequence is preserved, but the sense of causality overshadows it. Or again : "The queen died, no one knew why, until it was discovered that it was through grief at the death of the king." This is a plot with a mystery in it, a form capable of high development. It suspends the time sequence, it moves as far away from the story as its limitations will allow. Consider the death of the queen. If it is a story we say, "and then?" If it is a plot we ask "why?" That is a fundamental difference between these two aspects of the novel.

**1. An antonym of "fundamental" is __________.**

A. incidental
B. elementary
C. inessential
D. supplementary

ব্যাখ্যা: Fundamental - (adj) - মৌলিক
**Synonym :** Basic, Central, Crucial, Essential, Indispensable, Vital, Rudimentary
**Antonym :** Inessential, Unimportant.
**Ans : C.**

**2. The death of a queen in a good plot will be treated __________.**

A. casually
B. causally
C. episodically
D. sequentially

**Ans : B.**

**3. A suitable title for this paragraph would be:**

A. Defining Plots
B. Defining Narratives
C. Plots and Time
D. Story Versus Plot

**Ans : A.**

**4. Which word best conveys the idea of a "time sequence"?**

A. Chronicle
B. Chronological
C. Chronic
D. Chronograph

**Ans : B.**

**5. A synonym of "causality" could be:**

A. Determinant
B. Eventuality
C. Certainty
D. Casualty

ব্যাখ্যা : · Causality (N.) - A factor or factors that led to specific outcomes.
· Determinant (N.) - A factor or cause that makes something happen or leads directly to a decision.
**Ans : A.**

**6. To "overshadow" something is to __________ it.**

A. eclipse
B. stretch
C. shade
D. lengthen

**Ans : A.**

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

**7. Given the ________ in house prices in the city, more and more people are settling in the suburbs.**
A. stagnation B. gradual slide
C. affordable figures D. astronomic rise

ব্যাখ্যা: শহরে বাড়ীর দাম বেশী হওয়ায় অনেক মানুষ settle উপশহরে হচ্ছে। এখানে বাড়ীর দাম বেশী হওয়া বুঝাতে astronomic rise হবে।
**Ans : D.**

**8. The antonym of Central is ________**
A. essential B. fundamental
C. peripheral D. centripetal

ব্যাখ্যা: Central - (adj) - কেন্দ্রীয়
**Synonym** - Focal, Chief, Fundamental, Essential, Inner, Interior, Key, Vital
**Antonym** - Minor, Peripheral (প্রান্তিক), secondary
**Ans : C.**

**9. What figure of speech do you find in "budding beauty"?**
A. Assonance B. Alliteration
C. Simile D. Metaphor

ব্যাখ্যা : Alliteration (N.) - অনুপ্রাস
Budding beauty হচ্ছে Alliteration এর উদাহরণ।
**Ans : B.**

**10. Said opted for a peripatetic existence which saw him travel all over the world. Here "peripatetic" means**
A. settled. B. unfortunate.
C. unsettled. D. exciting.

ব্যাখ্যা: Peripatetic - (adj) - বিভিন্ন স্থানে ইতস্তত ভ্রমনকারি।
**Synonym :** Itinerant Migrant, Unsettled, Travelling, Wandering
**Antonym :** settled, tired
**Ans : C.**

**11. London's status as the world's most influential city was largely a ________ from its past glories.**
A. hangover B. misnomer
C. turnaround D. distraction

ব্যাখ্যা : Hangover from (N.) - something that continues from an earlier time.
**Reference :** Cambridge dictionary & telegraph.co.uk
**Ans : A.**

**12. To be utopian is to be ________.**
A. pessimistic B. curious
C. visionary D. far-seeing

ব্যাখ্যা: Utopian - আকাশকুসুম কল্পনা
Visionary - অবাস্তব, কাল্পনিক
**Ans : C.**

**13. The best kind of writing is in language that is ________.**
A. pedantic B. idiomatic
C. arcane D. esoteric

**Ans : B.**

**14. He was unable to catch the ________ to the play in my speech.**
A. illusion B. elision
C. allusion D. insinuation

ব্যাখ্যা : Allusion to - পরোক্ষ উল্লেখ/ইঙ্গিত।
**Ans : C.**

**15. Choose the correct sentence.**
A. The setting of a short story affects it's piot
B. The setting of a short story affects its plots.
C. The settings of a short story effect its plot.
D. The setting of a short story affects its plot.

ব্যাখ্যা : Affect (V.) - প্রভাবিত করা।
Effect (N.) - প্রভাব।
এখানে subject 'The setting of a short story' হচ্ছে singular তাই verb হবে affects।
**Ans : D.**

**16. What is the synonym of "altruism"?**
A. Honesty B. Philanthropy
C. Tolerance D. Selfishness

ব্যাখ্যা: Altruism - পরহিতব্রত, নিঃস্বার্থতার দৃষ্টান্ত
**Synonym :** Humanity, Philarthropy, Self Sacrifice, Unselfishness, Generoisity.
**Antonym :** Selfishness
**Ans : B.**

**17. Homophones are two or more words that have the same**
A. pronunciation but different meanings.
B. meaning but different pronunciations.
C. spelling but different meanings.
D. spelling but different pronunciations

ব্যাখ্যা: Somophones - যেসব শব্দের উচ্চারণ অভিন্ন কিন্তু অর্থ বানান বা উৎপত্তি বিভিন্ন।
**Ans : A.**

**18. The secretary as well as the members ________ to submit the proposal to the Minister.**
A. need B. needs
C. have D. are likely

ব্যাখ্যা: as well as এর পূর্বের subject অনুযায়ী verb বসবে। The secretary singular বলে needs হবে।
**Ans : B.**

**19. What does the word "commonplace" mean?**
A. A common place B. Cheap
C. Ubiquitous D. Ordinary

ব্যাখ্যা: Commonplace - (adj) - গতানুগতিক, সাধারণ মানের কোন কিছু।
**Synonym :** Common, Customary, Humdrum, Ordinnary, Pedestrian, Stale, Uninteresting, Trite.
**Antonym :** Exceptional, Rare, Exciting.
**Ans : D.**

**20, "Plagiarism" is the act of**
A. pleasing somebody superficially.
B. making fun of somebody for amusement.
C. taking somebody's ideas without acknowledgment.
D. indulging in self-satisfaction.

ব্যাখ্যা: কোন লেখা বা ধারনার উৎসের কথা উল্লেখ না করে বা প্রাপ্তি স্বীকার না করে নিজের নামে চালিয়ে দেয়াকে plagiarism বলে।
**Ans : C.**

**21. The feeling of having seen or experienced something before is called ________.**
A. déja.vu B. surreal
C. bon voyage D. hallucination

ব্যাখ্যা: Deja.vu - কোন কিছু খুব বেশি দেখা বা শেখা হয়েছে এ রকম একটা অনুভূতি
Surreal - পরাবাস্তববাদ
Sallucination - দৃষ্টিভ্রম
সুতরাং corrcet answer হলো deja.vu
**Ans : A.**

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

**22. A closing speech in a play, often delivered after the completion of the main action, is called-**

A. a monologue. B. an epilogue.
C. a prologue. D. a dialogue.

ব্যাখ্যা: Monologue - একক অভিনেতা রচিত নাটক
Epilogue - সাহিত্য কর্মের বা নাটকের সমাপ্তি অংশ
Prologue - কাব্যের প্রস্তাবনামূলক অংশ
সুতরাং সঠিক answer হলো an epilogue.
Ans : B.

**23. A novel in the form of letters is called ________.**

A. picaresque novel B. novelette
C. non-fiction novel D. epistolary novel

ব্যাখ্যা: পত্রের অনুরূপ রচিত novel কে epistotary novel বলে।
Ans : D.

**24. "Waifs and strays" is an idiom that refers to ________ people.**

A. irrational B. simple
C. homeless D. mystified

ব্যাখ্যা: Waits and strays - আশ্রয়হীন লোকজন
Ans : C.

**25. A lyric poem mourning the death of an individual or lamenting a tragic incident is a/an ________.**

A. elegy B. tragedy
C. epic D. hymn

ব্যাখ্যা: Elegy - শোকগাথা কবিতা Tragedy - বিয়োগান্ত নাটক
Epic - মহাকাব্য Hymn - ঈশ্বরবন্দন করা
Ans : A.

## General Knowledge

**১. আন্তর্জাতিক মাতৃভাষা দিবসের উদ্দেশ্য-**

ক. ভাষার অধিকার খ. মাতৃভাষার আন্তর্জাতিক স্বীকৃতি
গ. মাতৃভাষার বিদেশে প্রচার ঘ. মাতৃভাষার জনপ্রিয়তা

ব্যাখ্যা: • ইউনেস্কো (UNESCO) ২১ ফেব্রুয়ারিকে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ঘোষণা করে - ১৯৯৯ সালের ১৭ নভেম্বর।
• ২০০০ সাল থেকে সারা বিশ্বে দিনটি যথাযথ মর্যাদার সাথে পালিত হয়ে আসছে।
• মূল উদ্দেশ্য - ভাষা অধিকার
• পাকিস্তান রাষ্ট্রভাষা হিসেবে বাংলাকে স্বীকৃতি দেয় - ১৬ ফেব্রুয়ারি ১৯৫৬
• রাষ্ট্রভাষা আন্দোলনের প্রথম সংগঠন - তমুদ্দিন মজলিশ (এই সাংস্কৃতিক প্রতিষ্ঠানটি গঠিত হয় - ২ সেপ্টেম্বর ১৯৪৭)
• পাকিস্তানের গণপরিষদে বাংলাকে রাষ্ট্রভাষা হিসেবে স্বীকৃতি দেবার দাবি উত্থাপন করেন - ধীরেন্দ্রনাথ দত্ত।
সঠিক উত্তর : ক.

**২. বাংলাদেশ-ভারত সমুদ্রসীমা বিরোধ নিষ্পত্তি রায়ে কত কি. মি. জায়গা জুড়ে বাংলাদেশের অধিকার প্রতিষ্ঠিত হয়েছে?**

ক. ১৯.৫ নটিক্যাল মাইল খ. ২১.২ নটিক্যাল মাইল
গ. ১৮.৯ নটিক্যাল মাইল ঘ. ১৯.৭ নটিক্যাল মাইল

ব্যাখ্যা:
• বাংলাদেশ-ভারত সমুদ্রসীমা নির্ধারণী মামলার রায় দেয়া হয়- ৭ জুলাই ২০১৪
• রায় ঘোষণা করে - স্থায়ী সালিশি আদালত (নেদারল্যান্ডস)।
• মোট বিরোধপূর্ন - ২৫,৬০২ বর্গ কি. মি. এলাকার মধ্যে বাংলাদেশ লাভ করে - ১৯,৪৬৭ বর্গ কি. মি.।
• বাংলাদেশ মায়ানমার সমুদ্রসীমার রায় দেয় - ১৪ মার্চ ২০১২।
• রায় ঘোষণা করে সমুদ্র আইন বিষয়ক আন্তর্জাতিক ট্রাইব্যুনাল (ITLOS), জার্মানি।
সঠিক উত্তর : নাই.

**৩. হেরোডেটাস-এর জন্মভূমি-**

ক. ইতালি খ. গ্রিস
গ. স্পেন ঘ. মিশর

ব্যাখ্যা: • বৈজ্ঞানিক ইতিহাসের জনক - থুকি ডাইসিস।
• ইতিহাসের জনক - হেরোডেটাস।
• তিনি গ্রীকের একজন ইতিহাসবিদ ছিলেন।
• জন্মস্থান : তৎকালীন এশিয়া মাইনরের সারিয়া অঞ্চলে হ্যালিকারনাসাস শহরে, যার বর্তমান নাম - বোদরাম, এটি বর্তমানে তুরস্কে অবস্থিত।
সঠিক উত্তর : নাই.

**৪. কোন ব্যক্তি ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্র ছিলেন?**

ক. অমর্ত্য সেন খ. জ্যোতি বসু
গ. সত্যজিৎ রায় ঘ. বুদ্ধদেব বসু

ব্যাখ্যা: বুদ্ধদেব বসু এর-
• জন্ম : ১৯০৮, কুমিল্লা মৃত্যু : ১৯৭৪
• তিনি একাধারে - কবি, প্রাবন্ধিক, নাট্যকার ও রচনাকার ছিলেন।
• তিনি ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে ইংরেজিতে মাস্টার্স করেছিলেন।
• তিনি ছাত্রাবস্থায়ই 'কল্লোল' পত্রিকার সাথে জড়িত ছিলেন।
• তিনি তৎকালীন সাহিত্য পত্রিকা "প্রগতি" (১৯২৬) এর সম্পাদক ছিলেন।
সঠিক উত্তর : ঘ.

**৫. ২০১৫ সালে যে দেশে আইসিসি ক্রিকেট বিশ্বকাপ অনুষ্ঠিত হবে-**

ক. ভারত ও বাংলাদেশে খ. শ্রীলংকায়
গ. অস্ট্রেলিয়া ও নিউজিল্যান্ডে ঘ. পাকিস্তান ও বাংলাদেশে

ব্যাখ্যা: • ১১ তম বিশ্বকাপ ক্রিকেট অনুষ্ঠিত হবে ১৪ ফেব্রুয়ারি ২৯ মার্চ ২০১৫, অস্ট্রেলিয়া ও নিউজিল্যান্ড।
• ২০১৯ সালে ১২ তম বিশ্বকাপ ক্রিকেট অনুষ্ঠিত হবে - ইংল্যান্ডে।
• সর্বপ্রথম বিশ্বকাপ ক্রিকেট অনুষ্ঠিত হয় - ১৯৭৫ সালে ইংল্যান্ড।
সঠিক উত্তর : গ.

**৬. ওয়েবসাইটের মূল পাতাকে বলা হয়-**

ক. শেষ পেইজ খ. ওয়েব পেইজ
গ. প্রথম পেইজ ঘ. হোম পেইজ

ব্যাখ্যা: ওয়েবসাইটের মূল পাতাকে বলা হয় - হোম পেজ
সঠিক উত্তর : ঘ.

**৭. ইবোলা ভাইরাস-এর লক্ষণ নয়-**

ক. উচ্চ রক্তচাপ খ. অনেক জ্বর
গ. মাথা ব্যথা ঘ. পাকস্থলীর ব্যথা

ব্যাখ্যা: • ইবোলা ভাইরাস প্রথম ধরা পড়ে - ২৬ আগষ্ট, ১৯৭৬, কঙ্গো প্রজাতন্ত্রের ইয়ামবুকু গ্রামে।
• ইবোলা নদীর নামানুসারে ইবোলা ভাইরাসের নামকরণ করা হয়।
• ইবোলা একটি ভাইরাস জনিত রোগ।
• ইবোলা ভাইরাসের লক্ষণ - ক্লান্তি অনুভব করা, জ্বর, দুর্বলতা, ক্ষুধামন্দা মাথাব্যাথা, পেশিতে ব্যাথা, স্বরভঙ্গ ওগলা ব্যাথা, নিম্ন রক্তচাপ ইত্যাদি।
সঠিক উত্তর : ক.

**৮. কুরুক্ষেত্রের যুদ্ধ কত সময় ব্যাপী চলেছিল?**

ক. ১৮ দিন খ. ১৮ সপ্তাহ
গ. ১৮ মাস ঘ. ১৮ বছর

সঠিক উত্তর : ক.

**৯. বস্ত্রশিল্পের জন্য বিখ্যাত-**

ক. ডান্ডি খ. এডিনবরা
গ. মানচেস্টার ঘ. শেফিল্ড

ব্যাখ্যা: • পাট শিল্পের জন্য বিখ্যাত - ড্যান্ডি।
• শ্রেষ্ঠ শিল্প প্রধান দেশ - যুক্তরাষ্ট্র।
• ঘড়ি শিল্পের জন্য বিখ্যাত - সুইজারল্যান্ডের জেনেভা-
• ইংল্যান্ডের ম্যানচেস্টার শহরটি বস্ত্র শিল্পের জন্য বিখ্যাত।
সঠিক উত্তর : গ.

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

১০. সরকার কোথায় রবীন্দ্র বিশ্ববিদ্যালয় স্থাপনের সিদ্ধান্ত নিয়েছে-
ক. শাহজাদপুর, সিরাজগঞ্জ খ. শেরপুর, বগুড়া
গ. কুমারখালি, কুষ্টিয়া ঘ. ভালুকা, ময়মনসিংহ

ব্যাখ্যা: সম্প্রতি রবীন্দ্রনাথ ঠাকুর স্মরণে এবং রবীন্দ্রনাথের ওপর গবেষণা করার জন্য সরকার সিরাজগঞ্জের শাহজাদপুরে রবীন্দ্র বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার উদ্যোগ নিয়েছে।
সঠিক উত্তর : ক.

১১. সম্প্রতি যে দেশকে বিশ্বের ইলেকট্রনিক বর্জ্যাগার আখ্যায়িত করা হয়েছে-
ক. চীন খ. জার্মানি
গ. যুক্তরাষ্ট্র ঘ. জাপান

ব্যাখ্যা: সম্প্রতি চীনকে বিশ্বের "ইলেট্রনিক বর্জ্যাগার" বলে আখ্যায়িত করা হয়েছে।
সঠিক উত্তর : ক.

১২. সামাজিক কাঠামোর অবিচ্ছেদ্য উপাদান-
ক. নৈরাজ্য খ. অশান্তি গ. মূল্যবোধ ঘ. বিশৃঙ্খলা

সঠিক উত্তর : গ.

১৩. সভ্যতার পরিমাপ করা হয়-
ক. মানসিক উৎকর্ষের ভিত্তিতে খ. উত্তরাধিকার সূত্রে
গ. কলাকৌশলের প্রয়োগ দেখে ঘ. দক্ষতার ভিত্তিতে

সঠিক উত্তর : গ.

১৪. বাংলাদেশ বিমান বাহিনীর প্রথম প্রধান-
ক. এয়ার ভাইস মার্শাল এ. জি. তাওয়াব
খ. এয়ার ভাইস মার্শাল এ. কে. খন্দকার
গ. এয়ার ভাইস মার্শাল সুলতান মাহমুদ
ঘ. এয়ার ভাইস মার্শাল এম. কে. বাশার

ব্যাখ্যা: • বাংলাদেশ বিমান বাহিনীর বর্তমান প্রধান - এয়ার মার্শাল আবু ইশরার।
• বাংলাদেশ নৌবাহিনীর বর্তমান প্রধান - এডমিরাল নাজিম উদ্দিন আহম্মেদ।
• বাংলাদেশ সেনাবাহিনীর বর্তমান প্রধান - জেনারেল আবু বেলাল মোঃ শফিকুল হক।
সঠিক উত্তর : খ.

১৫. ২০১৪ সালের পরিসংখ্যান অনুযায়ী বাংলাদেশের জনসংখ্যা বৃদ্ধির হার-
ক. ১.০৬% খ. ১.১৬% গ. ১.৬০% ঘ. ১.৬৬%

ব্যাখ্যা: বাংলাদেশ অর্থনৈতিক সমীক্ষা - ২০১৫ অনুযায়ী বাংলাদেশের জনসংখ্যা বৃদ্ধির হার - ১.৩৬%
সঠিক উত্তর : গ.

১৬. বাপেক্স নতুন প্রাকৃতিক গ্যাস রিজার্ভের সন্ধান পেয়েছে-
ক. সিলেটে খ. সুন্দলপুরে গ. চট্টগ্রামে ঘ. রূপগঞ্জে

ব্যাখ্যা: • বাপেক্স কর্তৃক বাংলাদেশের ২৬ তম গ্যাস ক্ষেত্র আবিস্কৃত হয়েছে - নারায়ণগঞ্জের রূপপুরে (২০১৪ সালে)
সঠিক উত্তর : ঘ.

১৭. "মুক্তি ও গণতন্ত্র তোরণ" কোথায় নির্মিত হবে?
ক. ঢাকা বিশ্ববিদ্যালয়ে খ. জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে
গ. জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে ঘ. রাজশাহী বিশ্ববিদ্যালয়ে

ব্যাখ্যা: • সম্প্রতি ২০১৫ সালের প্রথমদিকে ঢাকা বিশ্ববিদ্যালয়ে "মুক্তিও গণতন্ত্র তোরণ" নির্মিত হয়েছে।
• অবস্থান : নীলক্ষেত মোড়, ঢাকা বিশ্ববিদ্যালয়।
সঠিক উত্তর : ক.

১৮. গণতন্ত্রের সবচেয়ে গুরুত্বপূর্ণ রক্ষাকবচ-
ক. বিচার বিভাগের স্বাধীনতা খ. সংবাদপত্রের স্বাধীনতা
গ. বাক-স্বাধীনতা ঘ. জনগণের অংশগ্রহণ

ব্যাখ্যা: • গণতন্ত্রের সবচেয়ে গুরুত্বপূর্ণ রক্ষা কবচ - জনগণের অংশ গ্রহণ।
• গণতন্ত্রের জনক - এরিস্টটল।
• সংসদীয় বা আধুনিক গণতন্ত্রের জনক - জন লক।
সঠিক উত্তর : ঘ.

১৯. যে-শক্তি দ্বারা মহেশখালি বিদ্যুৎ প্রকল্প পরিচালিত হবে-
ক. কয়লা খ. গ্যাস
গ. পানি-বিদ্যুৎ ঘ. সৌর শক্তি

ব্যাখ্যা: মহেশখালী বিদ্যুৎ প্রকল্পের-
• অবস্থান - মহেশখালী, কক্সবাজার।
• জ্বালানী শক্তি হিসেবে ব্যবহৃত হবে - কয়লা।
• উৎপাদন ক্ষমতা - ১৩২০ মেগাওয়াট।
• আর্থিক সহায়তা দানকারী সংস্থা - জাইকা (জাপান)
• বাংলাদেশের বিদ্যুত শক্তির উৎস - প্রাকৃতিক গ্যাস, খনিজ তেল কয়লা, পানি, বায়ু, সৌর শক্তি।
সঠিক উত্তর : ক.

২০. পদ্মা সেতুর মূল কাঠামো নির্মাণের কার্যাদেশ পায় যে দেশের কোম্পানি-
ক. রাশিয়া খ. কানাডা
গ. জাপান ঘ. চীন

ব্যাখ্যা: পদ্মা সেতু এর-
• অবস্থান : মাওয়া (মুন্সীগঞ্জ) - জাজিরা (শরীয়তপুর)
• দৈর্ঘ্য : ৬.১৫ কি.মি., প্রস্থ ঃ ১৮.১০ মিটার, লেন সংখ্যা - ৪, পাইলস - ২৬৬ টি
• নির্মাতা প্রতিষ্ঠান ঃ চায়না মেজর ব্রিজ ইঞ্জিনিয়ারিং কোম্পানি লিমিটেড
• তদারকি পরামর্শক ঃ কোরিয়ান এক্সপ্রেস ওয়ে করপোরেশন।
সঠিক উত্তর : ঘ.

২১. ২০ তম দেশ হিসেবে রেলওয়ে খাতে বাংলাদেশ চুক্তি স্বাক্ষর করে-
ক. নেটওয়ার্ক সিস্টেম ইন রেলওয়ে
খ. ট্রান্স-এশিয়ান রেলওয়ে নেটওয়ার্ক
গ. কম্পিউটারাইজড টিকেট সিস্টেম ইন রেলওয়ে
ঘ. ইম্প্রুভমেন্ট অব রেলওয়ে সার্ভিস

সঠিক উত্তর : খ.

২২. বিশ্বব্যাংকের অর্থায়নে এনজিও ব্যবস্থাপনার পরিচালিত শিশুদের জন্য বিদ্যালয়ের নাম-
ক. এনজিও স্কুল খ. শিশু বিদ্যালয়
গ. আনন্দ স্কুল ঘ. প্রি-স্কুল

সঠিক উত্তর : গ.

২৩. বাংলাদেশের প্রথম শিক্ষা কমিশনের রিপোর্টের নাম-
ক. বাংলাদেশের শিক্ষা কমিশন রিপোর্ট
খ. বাংলাদেশ কমিশন রিপোর্ট
গ. জাতীয় শিক্ষা কমিশন রিপোর্ট
ঘ. কুদরত-ই-খুদা শিক্ষা কমিশন রিপোর্ট

ব্যাখ্যা: - বাংলাদেশের প্রথম শিক্ষা কমিশনের রিপোর্টের নাম - "বাংলাদেশ শিক্ষা কমিশন রিপোর্ট"।
• বাংলাদেশের প্রথম শিক্ষা কমিশন - কুদরত-ই-খুদা শিক্ষা কমিশন বা জাতীয় শিক্ষা কমিশন।
সঠিক উত্তর : ঘ.

২৪. আয়তনে সবচেয়ে বড় দেশ-
ক. অস্ট্রেলিয়া খ. কানাডা গ. চীন ঘ. মার্কিন যুক্তরাষ্ট্র

ব্যাখ্যা: আয়তনে বিশ্বের বৃহত্তম ও ক্ষুদ্রতম ৫টি দেশ-

| অবস্থান | আয়তনে বৃহত্তম দেশ | আয়তনে ক্ষুদ্রতম দেশ |
|---|---|---|
| প্রথম | রাশিয়া | ভ্যাটিকান সিটি (০.৪৪ বর্গ কি.মি.) |
| দ্বিতীয় | কানাডা | মোনাকো |
| তৃতীয় | যুক্তরাষ্ট্র (৯৬, ২৯, ০৯১ বর্গ কি.মি.) | নাউরু |
| চতুর্থ | চীন (৯৫, ৩৬, ৯৬০ বর্গ কি.মি.) | টুভ্যালু |
| পঞ্চম | ব্রাজিল | সানম্যারিনো |

সঠিক উত্তর : খ.

২৫. ভারতের ২৯ তম রাজ্য-
ক. তেলেঙ্গানা খ. অন্ধ্র প্রদেশ
গ. হায়দ্রাবাদ ঘ. ঝাড়খণ্ড

ব্যাখ্যা: • ভারতের মোট প্রদেশ বা রাজ্য সংখ্যা - ২৯টি।
• সর্বশেষ ও ২৯ তম রাজ্য বা প্রদেশ - তেলেঙ্গানা (যাত্রাশুরু - ২ জুন ২০১৪ থেকে)
• তেলেঙ্গানা প্রদেশের রাজধানী - হায়দ্রাবাদ।
সঠিক উত্তর : ক.

শিক্ষার সবচেয়ে কাছে পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

## General Knowledge

**১. কোনটি দার্শনিক আন্দোলন?**
ক. অস্তিত্ববাদ খ. বুদ্ধিবাদ
গ. নির্বিচারবাদ ঘ. সামাজিক আন্দোলন

**সঠিক উত্তর : ক.**

**২. ইতিহাসের প্রধান উপজীব্য-**
ক. মানবসমাজের অগ্রযাত্রার ধারা
খ. মানবসমাজের অতীত বর্ণনা
গ. মানুষের অতীত স্মৃতি রোমন্থন
ঘ. মানুষের স্মৃতিচারণ

**ব্যাখ্যা:** • ইতিহাসের প্রধান উপজীব্য বিষয় হচ্ছে - মানব সমাজের ক্রমবিকাশ বা অগ্রযাত্রার ধারা।
• ইতিহাসের প্রধান উপাদান - রাজনীতি, অর্থনীতি, ধর্ম, সমাজ, সংস্কৃতি, কলা প্রভৃতি।
**সঠিক উত্তর : ক.**

**৩. "এখানে রমনার বটমূলে, কৃষ্ণচূড়ার নিচে/কাঁদতে আসিনি, ফাঁসির দাবি নিয়ে এসেছি" কবিতাটি কার রচনা?**
ক. আবদুল গাফফার চৌধুরী খ. মাহবুবুল আলম চৌধুরী
গ. আল মাহমুদ ঘ. শামসুর রাহমান

**ব্যাখ্যা:** • মাহবুবুল আলম চৌধুরী ছিলেন বাংলাদেশের একজন - কবি, সাংবাদিক ও ভাষা সৈনিক।
• তিনি একুশের প্রথম কবিতা - কাঁদতে আসিনি, ফাঁসির দাবি নিয়ে এসেছি" - রচনা করেছিলেন।
• তার সম্পাদিত পত্রিকা - মাসিক সীমান্ত ও দৈনিক স্বাধীনতা।
**সঠিক উত্তর : খ.**

**৪. "মানব সমাজের ইতিহাস মূলত শ্রেণী সংগ্রামের ইতিহাস"- উক্তিটি কার?**
ক. লেনিন খ. এঙ্গেলস্
গ. মার্কস্ ঘ. মর্গান

**ব্যাখ্যা: কয়েকটি বিখ্যাত উক্তি-**

| বিখ্যাত উক্তি | উক্তিকারী |
|---|---|
| মানুষ সামাজিক জীব | এরিস্টটল |
| এককালীন শান্তি সম্ভব নয় সঙ্গত ও নয় | মুসোলিনী |
| নিকৃষ্ট মুদ্রা উৎকৃষ্ট মুদ্রাকে বাজার থেকে বিতাড়িত করে | থমাস গ্রেসাম |
| মুনাফা হলো উদ্যোক্তার ঝুঁকি গ্রহণের পুরষ্কার | জোসেফ মার্শাল |
| সততাই সর্বোৎকৃষ্ট পন্থা | বেনজামিন ফ্রাঙ্কলিন |

**সঠিক উত্তর : গ.**

**৫. ঢাকা শহরের প্রথম ফ্লাইওভার উদ্বোধন করা হয়-**
ক. ৩ নভেম্বর ২০০৪ খ. ৪ নভেম্বর ২০০৪
গ. ৫ নভেম্বর ২০০৪ ঘ. ৬ নভেম্বর ২০০৪

**ব্যাখ্যা:** • ঢাকা শহরের প্রথম ফ্লাইওভার - মহাখালী ফ্লাইওভার (উদ্বোধন - ৪ নভেম্বর ২০০৪)
• দেশের দীর্ঘতম ফ্লাইওভার - মেয়র মোহাম্মদ হানিফ ফ্লাইওভার (১১.৮ কি. মি.)
• দেশের প্রথম বহুমুখী বা বহুমাত্রিক ফ্লাইওভার - কুড়িল ফ্লাইওভার।
• চট্টগ্রাম মহানগরের প্রথম ফ্লাইওভার - এম.এ.মান্নান ফ্লাইওভার।
**সঠিক উত্তর : খ.**

**৬. বাংলাদেশে 'কৃষি দিবস' পালিত হয় যে তারিখে-**
ক. ১লা আষাঢ় খ. ১লা বৈশাখ
গ. ১লা অগ্রহায়ণ ঘ. ১লা পৌষ

**ব্যাখ্যা:** বাংলাদেশের বিভিন্ন জাতীয় দিবস সম্পর্কে বিস্তারিত :- ঢাবি খ (২০০৮-২০০৯) এর (৩৪) নং দেখ।
**সঠিক উত্তর : গ.**

**৭. অধ্যাপক আনিসুজ্জামান কোন্ সনে ভারত সরকারের পদ্মভূষণ উপাধিতে সম্মানিত হন?**
ক. ২০১১ খ. ২০১২
গ. ২০১৩ ঘ. ২০১৪

**ব্যাখ্যা:** • অধ্যাপক আনিসুজ্জামানের জন্ম ১৮ ফেব্রুয়ারি ১৯৩৭ কলকাতায়।
• মৃত্যু : ১৪ই মে, ২০২০ইং। ঢাকায়।
• তিনি ১৯৭০ সালে বাংলা একাডেমি পুরস্কার এবং ১৯৮৫ সালে শিক্ষা ক্ষেত্রে অবদানের জন্য একুশে পদক পান।
• সর্বশেষ - ২০১৪ সালে তিনি শিক্ষা ও সাহিত্যে অবদানের জন্য ভারত সরকার কর্তৃক "পদ্মভূষণ" উপাধি লাভ করেন।
**সঠিক উত্তর : ঘ.**

**৮. "শ্রীকৃষ্ণকীর্তনকাব্য" কোন্ শতকে রচিত?**
ক. এগার শতকে খ. পনের শতকে
গ. তের শতকে ঘ. চৌদ্দ শতকে

**ব্যাখ্যা:** • "শ্রীকৃষ্ণকীর্তন" কাব্যের রচয়িতা - বড়ু চণ্ডীদাস
• বাংলা সাহিত্যের অন্ধকার যুগের সময়কাল - ১২০১-১৩৫০ সাল পর্যন্ত
• মধ্যযুগের প্রথম কাব্য - শ্রীকৃষ্ণকীর্তন
• "শূন্যপুরাণ" - রচনা করেন - রামাই পণ্ডিত
**সঠিক উত্তর : ঘ.**

**৯. ফরাসি বিপ্লবের সূত্রে আবির্ভূত হয়েছিল-**
ক. পুঁজিবাদ খ. জাতীয়তাবাদ
গ. সমাজতন্ত্র ঘ. বিশ্বায়ন

**ব্যাখ্যা:** • ফরাসি বিপ্লব সংঘটিত হয় - ১৭৮৯ সালে
• ফরাসি বিপ্লবের শিশু বলা হয় - নেপোলিয়নকে
• ফরাসি বিপ্লবের স্লোগান - স্বাধীনতা, সাম্য ও ভ্রাতৃত্ব
• ফরাসি বিপ্লবে প্রেরণা যুগিয়েছিল - ভলতেয়ার ও রুশো
**সঠিক উত্তর : ক.**

**১০. BRICS- এর সঙ্গে তুলনীয় আন্তর্জাতিক প্রতিষ্ঠান-**
ক. ইউএসএআইডি খ. আইএমএফ
গ. ইউএনএইচসিআর ঘ. ডব্লুউটিও

**ব্যাখ্যা:** BRICS - Brazil, Russia, India, China, South Africa.
• BRICS - গঠিত হয় - ১৬ মে ২০০৮
• BRICS ঘোষিত ব্যাংক - New Development Bank
• সদর দপ্তর - সাংহাই, চীন
**সঠিক উত্তর : খ.**

**১১. আন্তর্জাতিক ভাষাবর্ষ হিসেবে প্রথম উদযাপন করা হয়-**
ক. ২০১০ সালে খ. ২০০৮ সালে
গ. ২০১১ সালে ঘ. ২০০৯ সালে

**সঠিক উত্তর : খ.**

**১২. বিশ্বকাপ ফুটবলের ইতিহাসে সর্বোচ্চ গোলদাতা-**
ক. মারাডোনা খ. রোনাল্ডো
গ. পেলে ঘ. মিরোস্লাব ক্লুসে

**ব্যাখ্যা:**
• বিশ্বকাপ ফুটবলে সর্বাধিক গোলদাতা - মিরোস্লাভ ক্লোসা (জার্মানি) - ১৬ টি
• ২০১৮ সালে ২১ তম বিশ্বকাপ ফুটবল অনুষ্ঠিত হবে - রাশিয়ায়
• ২০২২ সালে ২২ তম বিশ্বকাপ ফুটবল অনুষ্ঠিত হবে - কাতারে
**সঠিক উত্তর : ঘ.**

**১৩. সিগমান্ড ফ্রয়েড যে ক্ষেত্রে অবদানের জন্য জগৎবিখ্যাত-**
ক. মনোসমীক্ষণ খ. জীববিজ্ঞান
গ. সাহিত্য ঘ. দর্শন

**ব্যাখ্যা:** • চেক প্রজাতন্ত্রে জন্ম গ্রহণকারী সিগমান্ড ফ্রয়েড মনোবিজ্ঞান এবং মনোসমীক্ষণে অবদানের জন্য বিখ্যাত।
• উল্লেখযোগ্য গ্রন্থ - The Future of an Illusion, Civilization and its documents.
**সঠিক উত্তর : ক.**

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

১৪. 'টিকফা' চুক্তির দুইপক্ষ-
ক. ভারত-বাংলাদেশ
খ. নেপাল-বাংলাদেশ
গ. বাংলাদেশ-যুক্তরাষ্ট্র
ঘ. বাংলাদেশ-যুক্তরাজ্য

ব্যাখ্যা: • TICFA - Trade and Investment Co-operation Forum Agreement.
• Ticfa চুক্তি স্বাক্ষরিত হয় - ২৫ নভেম্বর, ২০১৩।
• পক্ষসমূহ : বাংলাদেশ - যুক্তরাষ্ট্র।
সঠিক উত্তর : গ.

১৫. সম্প্রতি বাংলাদেশে মুঘল আমলের স্থাপত্যের সন্ধান পাওয়া গেছে যে স্থানে-
ক. পাংশা, রাজবাড়ি
খ. শিবগঞ্জ, মুন্সিগঞ্জ
গ. কালিয়াকৈর, গাজিপুর
ঘ. কাহালু, বগুড়া

ব্যাখ্যা:
• সম্প্রতি আবিস্কৃত নাটেশ্বর বৌদ্ধমন্দির অবস্থিত - টঙ্গীবাড়ী মুন্সীগঞ্জ
• প্রত্নতাত্ত্বিক নিদর্শন উয়ারি বটেশ্বর অবস্থিত - নরসিংদী জেলার বেলাব এর কয়রা নদীর তীরে।
সঠিক উত্তর : গ.

১৬. ৫-জি ইন্টারনেট সেবা চালু করতে যাচ্ছে কোন্ দেশ?
ক. জাপান
খ. চীন
গ. যুক্তরাষ্ট্র
ঘ. দক্ষিণ কোরিয়া

ব্যাখ্যা: • আগামী ২০২০ সালের মধ্যে দক্ষিণ কোরিয়া প্রথম দেশ হিসেবে 5G (5th Generation Mobile Networks বা 5th Generation wireless systems) চালু করতে যাচ্ছে।
সঠিক উত্তর : ঘ.

১৭. সম্প্রতি যে স্থানে বৌদ্ধবিহারের সন্ধান পাওয়া গেছে-
ক. মুন্সিগঞ্জে
খ. নারায়ণগঞ্জে
গ. কক্সবাজারে
ঘ. গাজীপুরে

ব্যাখ্যা:
• সম্প্রতি আবিস্কৃত নাটেশ্বর বৌদ্ধ মন্দির অবস্থিত - টঙ্গীবাড়ী, মুন্সীগঞ্জ।
• নাটেশ্বর বৌদ্ধমন্দির আবিষ্কারের আনুষ্ঠানিক ঘোষণা দেয়া হয়- ২৮ ফেব্রুয়ারি, ২০১৪।
সঠিক উত্তর : ক.

১৮. মানবাধিকার কোন ধরনের অধিকার?
ক. প্রাকৃতিক অধিকার
খ. সামাজিক অধিকার
গ. রাজনৈতিক অধিকার
ঘ. অর্থনৈতিক অধিকার

ব্যাখ্যা: • বাক স্বাধীনতা ও সংবাদপত্রের স্বাধীনতা - রাজনৈতিক অধিকার
• চলফেরার স্বাধীনতা ও সংবাদপত্রের স্বাধীনতা - সামাজিক অধিকার
সঠিক উত্তর : খ.

১৯. অর্থনৈতিক সমীক্ষা ২০১৪ অনুসারে বাংলাদেশের মানুষের মাথাপিছু আয় কত মার্কিন ডলার?
ক. ১,১৯০
খ. ১,১৪৪
গ. ১,১৮০
ঘ. ১,২০০

ব্যাখ্যা: • বাংলাদেশ অর্থনৈতিক সমীক্ষা - ২০১৫ অনুযায়ী ২০১৪-১৫ অর্থবছরে মাথাপিছু আয় - ১৩১৪ মার্কিন ডলার।
সঠিক উত্তর : ক.

২০. জাপানের বর্তমান প্রধানমন্ত্রী-
ক. নাওতো কান
খ. ইউসিহিকো নদা
গ. শিনজো আবে
ঘ. ইউসিরো মরি

সঠিক উত্তর : গ.

২১. জলকেলি কাদের উৎসব?
ক. ত্রিপুরা
খ. চাকমা
গ. গারো
ঘ. রাখাইন

ব্যাখ্যা: বাংলাদেশের উপজাতিদের উৎসবের নাম-

| উপজাতি | উৎসব | উপজাতি | উৎসব |
|---|---|---|---|
| ত্রিপুরা | বৈসুক | রাখাইন | বৈসাংগ্রাং, জইকেলি/জলকেলি |
| মারমা | সাংগ্রাই | মুরং | ছিয়াছত |
| চাকমা | বিঝু | খিয়াং | সাংলান |
| গারো | ওয়ানগালা | | |

সঠিক উত্তর : ঘ.

২২. ইংরেজরা বাংলাদেশে আগমন করে-
ক. ১৫৯৯
খ. ১৭৫৭
গ. ১৪৭৫
ঘ. ১৬০০

ব্যাখ্যা: বাংলার ইউরোপীয় বণিকদের আগমন-

| নাম | বাংলায় আগমন | ভারতে আগমন |
|---|---|---|
| পর্তুগীজ | ১৫১৬ সালে | ২৭ মে, ১৪৯৮ সালে |
| ওলন্দাজ | ১৬৩০ সালে | ১৬০২ সালে |
| ইংরেজ | ১৬৫৮ সালে | কোম্পানী গঠন-৩১ ডিসেম্বর, ১৬০০ইং |
| দিনেমার | ............ | ১৬২০ সালে |
| ফরাসি | ১৬৭৪ সালে | ১৬৬৭ সালে |

সঠিক উত্তর : ঘ.

২৩. সত্যজিৎ রায়ের চলচ্চিত্র *গণশত্রু* যে নাটক অবলম্বনে রচিত-
ক. এনিমি অব দ্য পিপল - ইবসেন
খ. জুলিয়াস সিজার - শেক্সপিয়র
গ. ম্যান এন্ড সুপারম্যান - রাসেল
ঘ. এম্পেয়ার জোনস্ - ও নীল

ব্যাখ্যা: • সত্যজিত রায় পরিচালিত প্রথম ছবি - পথের পাঁচালী
• তিনি ১৯৯২ সালে লাইফ টাইম অ্যাচিভম্যান্টের জন্য অস্কার পুরস্কার পান।
• তার নির্মিত বিখ্যাত চলচ্চিত্র - পথের পাঁচালী, অশনী সংকেত, গণশত্রু ইত্যাদি।
সঠিক উত্তর : ক.

২৪. সালভাদার ডালি ছিলেন-
ক. বিজ্ঞানী
খ. লেখক
গ. চিত্রশিল্পী
ঘ. শিল্পী

ব্যাখ্যা: • সালভাদর ডালি ছিলেন স্পেনের একজন বিখ্যাত চিত্রকর।
• তার বিখ্যাত চিত্রকর্ম - পোর্ট্রেড ডি পল এলুয়ার্দ
সঠিক উত্তর : গ.

২৫. এ বছর বাজেটে সাধারণ ব্যক্তিদের করমুক্ত আয়সীমা-
ক. ২,০০,০০০.০০ টাকা
খ. ২,১০,০০০.০০ টাকা
গ. ২,২০,০০০.০০ টাকা
ঘ. ২,৩০,০০০.০০ টাকা

ব্যাখ্যা: • ২০১৬-১৭ অর্থবছরের বাজেটে করমুক্ত আয় সীমা- ৩,০০,০০০.০০ টাকা।
• সর্বনিম্ন করহার - ১০%
• সর্বোচ্চ করহার - ৩০%
সঠিক উত্তর : নাই.

!!! বের হয়েছে !!!
পানকৌড়ি
শতভাগ ব্যাখ্যা সম্বলিত একমাত্র প্রশ্নব্যাংক
♦ ঢাবি (সকল ইউনিট) ♦ জাবি (সকল ইউনিট)
♦ চবি (সকল ইউনিট) ♦ রাবি (সকল ইউনিট)

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার